


প্রবন্ধ সংগ্রহ
ভাবনার নানা দিক



সম্পাদনা
ড. আমিনা খাতুন

প্রবন্ধ সংগ্রহ : ভাবনার নানা দিক
সম্পাদনা : ড. আমিনা খাতুন

ISBN : 978-93-82042-90-7

প্রকাশক

ফারুক আহমেদ

উদার আকাশ

ঘটকপুকুর, ডাক বি গোবিন্দপুর-৭৪৩৫০২

থানা ভাঙড়, জেলা দক্ষিণ ২৪ পরগনা

কথা: ০৯৭৩৩৯৭৪৪৯৮/+৯১৭০০৩৮২১২৯৮

email : udarakashpub@gmail.com

faruqueahamedku@gmail.com

গ্রন্থস্বত্ব: ইসাম ওয়াজি

প্রথম প্রকাশ: ২৯ জানুয়ারি, ২০১৮

প্রচ্ছদ

ঋতেন্দ্র রায়

SUMMER Wind 4 × 14 inches

মূল্য: ৩৫০ টাকা মাত্র

অঙ্কর বিন্যাস:

দে কম্পিউটার সেন্টার

৯১৬৩৮২০৫২৩

মুদ্রণ:

নিউ স্কুল বুক প্রেস

৩/২, ডিঙ্কন লেন, কলকাতা-৭০০০১৪

সৃষ্টিপত্র

লেখক তালিকা

প্রবন্ধ বিষয়

পৃষ্ঠা

১। নবেন্দু সেন	শেখেনি সে কথা কওয়া	১১
২। তরুণ মুখোপাধ্যায়	পাশ্চাত্য শিল্পান্দোলন ও বাংলা কবিতায় রঙ	১৭
৩। অরূপ কুমার দাস	শমীক ঘোষের গল্প : বাঙালি মধ্যবিত্তের মনস্থিতা ও স্থবিরাত্মার আর্তি	২৬
৪। উর্মি রায়চৌধুরী	কথা সাহিত্যিক সুমথনাথ ঘোষ	৫১
৫। কবিতা চন্দ	আফসার আমেদ ও একটি নীড়ভাঙ্গা প্রেম	৬১
৬। ঋতম মুখোপাধ্যায়	গিরিশ কারনাডের হয়বদন : অন্তরঙ্গ পাঠ	৮২
৭। অতনু শাসমল	১৯১৬-র একটি বইয়ের কয়েকটি গল্প ২০১৬-তে	১০১
৮। সুশোভন মুখোপাধ্যায়	সমকালে রবীন্দ্রনাথ ঠাকুর ও যতীন্দ্রনাথ : কিছু স্মৃতি কিছু কথা	১০৬
৯। শর্মিষ্ঠা সেন	ধ্রুবপুত্র : গণিকা জীবনের আখ্যান	১১৪
১০। ড. নিলয় বক্সী	মানসীর খোঁজে : রবীন্দ্রনাথের 'স্বপ্ন' কবিতা	১২৫
১১। জ্যোতিপ্রসাদ রায়	চিঠির দর্পণে কবিজন্ম 'কবিতাভবন এবং তারুণ্যের আভা'	১৩২
১২। অপর্ণা আচার্য	সুবোধ ঘোষের ছোটগল্প	১৩৯
১৩। উত্তম গিরি	নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প : জীবনের ভাষ্য	১৪৫
১৪। শিবুকান্ত বর্মণ	সামাজিক সংকট : মহাশ্বেতার দৌলতিদের জীবন পরিণতি	১৫৭
১৫। মোস্তাক আলি	খারিজ ও মৃগাল সেন : বিদ্রোহীর বিদ্রোহ	১৭৬
১৬। দেবাশিস বিশ্বাস	সৃজন সাহিত্যে দুই মহাভারত-ভাষ্য : একটি পর্যালোচনা	১৮৮

খারিজ ও মৃগাল সেন : বিদ্রোহীর বিদ্রোহ

মোস্তাক আলি

বর্তমান শতাব্দীর অন্যতম জনপ্রিয় জোরালো গণমাধ্যম শিল্প চলচ্চিত্র। পৃথিবীর মানচিত্রের সে হলিউড, বলিউড বা টলিউড-ই হোক না কেন। বিশ্বায়নের স্রোতে বা সোশ্যাল মিডিয়ার মাধ্যমে তা বর্তমান বিশ্বের হাতের মুঠোয়। তর্কাতীতভাবে বলা যায়, দৈনিক, সাপ্তাহিক, মাসিক বা শারদীয় পত্রিকার পাতায় প্রদত্ত শিরোনাম যখন চলচ্চিত্র, নায়ক-নায়িকা, তাদের জীবনাচরণ, খাদ্যাভ্যাস, নতুন মুক্তি পাওয়া সিনেমার তালিকা—দর্শক বা পাঠক অতি সহজেই আকৃষ্ট হয়। পরিসংখ্যানের সঠিক হিসেব হয়তো সহজলভ্য নয়, কিন্তু সন্দেহাতীতভাবে আবালবৃদ্ধ-বণিতা সকলের কাছে সিনেমা অত্যন্ত আদরের সামগ্রী। বর্তমান প্রজন্মকে যদি প্রশ্ন করা হয়, একুশ শতকের বর্তমান দশকে কোন্ সিনেমা অস্কার পেলে, সেরা অভিনেত্রী, অভিনেতা, সঙ্গীত পরিচালক কে, কোথাকার—এই প্রশ্নের উত্তর যেমন সিনেমাপিপাসু দর্শক-গবেষকদের কাছে অতি সহজেই মেলে, তেমনি সোশ্যাল মিডিয়া বা পত্রিকার দৌলতে বোধহয় প্রায় সকলেই অবগত যে, 'লা লা ল্যান্ড'-এর শ্রেষ্ঠ অভিনেত্রী এমা স্টোন, সেরা অভিনেতা ক্যাসি আফ্রেক (ম্যাঞ্জেস্টার বাই দ্য সি); সেরা অভিনেত্রী ভায়োলা ডেভিস ('ফেলসেস'); সেরা সহ-অভিনতা মাহেরশালা আলি (মুনলাইট); সেরা বিদেশী ছবি 'দ্য সেলসম্যান' (পরিচালক—আসগার ফারহাদি) প্রভৃতি শ্রেষ্ঠত্বের সিংহাসনে বসেছে ও অস্কারের মুকুট পরেছে। কিন্তু ১৮৯৫ সালে ফ্রান্সে লুমিয়ের ভ্রাতৃদ্বয় যখন 'সিনেমাটোগ্রাফ' প্রদর্শন করলেন, কেউ ভাবতে পারতেন কি ঐ বিন্দু একদিন সিন্দুরাপে আমাদের সকলকে গ্রাস করবে? না। ক্রমে তা ভূগোলের গন্ডি পার করে ভারতে আসে। বম্বে বর্তমান মুম্বাই শহরের একটি হোটেলে প্রদর্শিত হয়। ভারতের তদানীন্তন রাজধানী কলকাতায় ১৮৯৬ সালে মি. সিঁটভেনের সহযোগিতায় এই জনপ্রিয় গণমাধ্যমটির স্রোত আছড়ে পড়ে। ভারতীয় চলচ্চিত্রের জনক দাদাসাহেব ফালকে (১৮৭০-১৯৪৪ খ্রিঃ) পরিচালিত প্রথম ছবি 'রাজা হরিশ্চন্দ্র' দর্শকের সামনে আসে। সময়টি ছিল ১৯১৩ সালের ১৩ই মে। নির্বাক যুগ শুরু এখান থেকেই। ভারতীয় চলচ্চিত্র এই নির্বাকতার খোলস উন্মোচন করে সবাক-এর হাত ধরতে আরও দুটি দশক অতিবাহিত করে। বাংলা চলচ্চিত্র চার বছর